

# রাইকিশোরী

চারুচন্দ্র রায়

তখন তার মাত্র তেরো, হরিণ চোখে হীরে কুচি

মহুয়া মনের ব্যাকুলতায় শুচি শুধুই শুচি ।

ইষ্টি কুটুম ঘোষণুকুরে স্নান সেরে নেয়ে দুপুরবেলা

বেঁচিবনে সেই বালিকার সঙ্গে আমার ধুলো খেলা

তখন তার মাত্র তেরো রঙিন জামায় নরম আলো

সবাই বলে এই খুকিটি বড্ড ভালো বড্ড ভালো ।

এখন তার সাতাশ রান্না ঘরে মোচার ঘন্ট, বেবিফুডের গরম জলে

ছুটির দিনে পতির সঙ্গে প্রাণের পানসি ভাসিয়ে চলে

শোকের মতো চাঁদের সঙ্গে স্মৃতির কুঁড়ি আঁকড়ে ধরি

তেরোর বেলায় ধুলো খেলায় যে ছিল আমার রাই কিশোরী

রাই কিশোরী